



Permanent Mission of Bangladesh

65, Rue de Lausanne

1202 Geneva

Phone: +41 (0) 22 906 8020

Fax : +41 (0) 22 738 4616

E-mail : permanentmission.geneva@mofa.gov.bd

Website: www.genevamismission.mofa.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

১৩ মার্চ ২০২৪, জেনেভা

ন্যায্যতাভিত্তিক উন্নয়নই সরকারের লক্ষ্য

শ্রমজীবী মানুষের জন্য ন্যায্যতা ও সামাজিক ন্যায়বিচারভিত্তিক উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার কাজ করছে। গতকাল বুধবার সুইজারল্যান্ডের জেনেভায় অনুষ্ঠিত আন্তর্জাতিক শ্রম সংস্থার ৩৫০তম গভর্নিং বডি'র অধিবেশনে অংশগ্রহণ করে শ্রম প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মোঃ নজরুল ইসলাম চৌধুরী এমপি এ মন্তব্য করেন। তিনি সম্মেলনে আরো উল্লেখ করেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমগ্র জীবনের কর্ম ও দর্শন জুড়ে ছিল সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার স্বপ্ন। বঙ্গবন্ধুর স্বপ্নকে ধারণ করেই বর্তমান সরকার সামাজিক ন্যায়বিচারভিত্তিক বাংলাদেশ বিনির্মাণে কাজ করে যাচ্ছে এবং সরকারের উন্নয়ন পরিকল্পনার কেন্দ্রে রয়েছে শ্রমজীবী মানুষের ন্যায্য অধিকার প্রতিষ্ঠা ও শোভন কর্মপরিবেশ নিশ্চিতকরণ।

শ্রম প্রতিমন্ত্রী সামাজিক ন্যায়বিচারকে উপজীব্য করে এক নতুন বিশ্বব্যবস্থা গড়ে তোলার জন্য বহুপাক্ষিক কূটনীতিতে এ ধারণার যথাযথ প্রতিফলন করা আবশ্যিক বলে মন্তব্য করেন। তিনি আশা প্রকাশ করেন যে, পর্যাপ্ত কর্মসংস্থান সৃষ্টি ও ব্যবসাবান্ধব পরিবেশ নিশ্চিত করে মানবিক মর্যাদাসম্পন্ন বিশ্বব্যবস্থার ধারণাকে বিশ্ব কূটনৈতিক পরিমন্ডলে যথাযথভাবে তুলে ধরতে আন্তর্জাতিক শ্রম সংস্থা কাজ করবে। উল্লেখ্য, ২০২৫ সালে অনুষ্ঠিতব্য বিশ্ব সামাজিক সম্মেলনের মাধ্যমে আন্তর্জাতিক শ্রম সংস্থার মূলনীতিগুলো বহুপাক্ষিক কূটনৈতিক সংস্থাসমূহে জোরালোভাবে তুলে ধরতে বিভিন্ন প্রস্তাব নিয়ে অধিবেশনে গুরুত্ব দিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

এ আলোচনা সভা ছাড়াও গতকাল ১২ মার্চ তিনি আন্তর্জাতিক শ্রম সংস্থার মহাপরিচালক গিলবার্ট হোংবোর সাথে আইনমন্ত্রীর সাক্ষাতের সময় উপস্থিত ছিলেন। এসময় আলোচনায় অংশ নিয়ে তিনি শ্রমিক-বান্ধব কাজের পরিবেশ গড়ে তুলতে সরকারের সদিচ্ছা রয়েছে বলে জানান। এলক্ষ্যে সরকার কর্তৃক গৃহীত আইনী সংস্কারসহ নানাবিধ পদক্ষেপ তুলে ধরে শ্রম প্রতিমন্ত্রী শ্রমক্ষেত্র উন্নয়নে আন্তর্জাতিক শ্রম সংস্থার সহযোগিতা ও অংশীদারিত্ব আরও জোরদার করার জন্য অনুরোধ করেন।

